

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
দক্ষিণ এশিয়া অনুবিভাগ  
ঢাকা

নং-এসএ/ভারত/৫৩৭/১২৭৭

০৩ নভেম্বর ২০১৬

- প্রেরক : নওরিদ শারমিন  
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- প্রাপক : ১) জনাব মো: শহীদুল হক, পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
২) জনাব মো: মনোয়ার হোসেন, মহাপরিচালক (দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৩) জনাব ইকবাল আহমেদ, পরিচালক (এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৪) লে. কর্নেল (অবঃ) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক।
- বিষয় : আগামী ০৯-১০ নভেম্বর ২০১৬ তারিখে ভারতের পররাষ্ট্র সচিবের সাথে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য পররাষ্ট্র সচিব-এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের ভারত গমন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, আগামী ০৯-১০ নভেম্বর ২০১৬ তারিখে ভারতের পররাষ্ট্র সচিবের সাথে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য পররাষ্ট্র সচিব-এর নেতৃত্বে নিম্নোক্ত বাংলাদেশ প্রতিনিধিদল ভারত গমন করবে।


ক্রমিক নং	নাম ও পদবী	দলনেতা/সদস্য
১	জনাব মো: শহীদুল হক, পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা	দলনেতা
২	জনাব মো: মনোয়ার হোসেন, মহাপরিচালক (দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৩	জনাব ইকবাল আহমেদ, পরিচালক(এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৪	লে. কর্নেল (অবঃ) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক।	সদস্য

০২। উল্লেখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) পররাষ্ট্র সচিব এবং প্রতিনিধি দলের অন্যান্য সদস্যগণ আগামী ০৮ নভেম্বর ২০১৬ বা এর নিকটবর্তী তারিখে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১১ নভেম্বর ২০১৬ বা এর নিকটবর্তী তারিখে ঢাকায় ফেরত আসবেন।
- খ) ভ্রমণকালীন সময়ে ১-৩ ক্রমিক নং- এ উল্লিখিত কর্মকর্তাগণ মন্ত্রণালয়ে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং ১-৪ ক্রমিক নং-এ উল্লিখিত কর্মকর্তা/ব্যক্তি-গন বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- গ) এ ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; এতদুদ্দেশ্যে ভ্রমণ সংক্রান্ত ব্যয় মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাত হতে মেটানো হবে।
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময়ে আপনারা বিদেশে অবস্থান করতে পারবেন না।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

আপনার একান্ত,

  
(নওরিদ শারমিন) 3.11.16

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)  
ফোন : ৪৭১১০৬৪৮

নং-এসএ/ভারত/৫৩৭/১২৭৭

০৩ নভেম্বর ২০১৬

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।  
২। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/ সংস্থাপন/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৩। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।  
৪। সহকারী সচিব (সফর/তহবিল/বাজেট), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।  
৬। বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী, ভারত।

  
(নওরিদ শারমিন) 3.11.16

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)  
ফোন : ৪৭১১০৬৪৮